বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২১ সালের ৩য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ রকিব হোসেন, এনডিসি
রেক্টর (সচিব)

সভার তারিখ : ২৩ মে ২০২১

সভার সময় : বেলা ১০:৩০ টা

স্থান : রেক্টর'স কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর পরিচালক (প্রশাসন) সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি মোতাবেক উপস্থাপন করেন। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণীপাঠ ও অনুমোদন	গত ১৬/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী ই-নথির মাধ্যমে সকল কর্মকর্তার মাঝে জারি করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	২০২১ সালে অনুষ্ঠিত ২য় প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন/ সংশোধন না-থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
২	প্রবিধানমালা সংশোধন এবং অর্গানোগ্রাম হালনাগাদকরণ	ক) কেন্দ্রের প্রবিধানমালা এবং অর্গানোগ্রাম অনুমোদনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। খ) এমডিএস (প্রকল্প)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক নতুন পদ সৃষ্টির নিমিত্ত কেন্দ্রের লাইব্রেরী, খেলাধুলা, কম্পিউটার, গবেষণা ও উন্নয়ন, উন্নয়ন অনুবিভাগ এবং ৪টি আঞ্চলিক কেন্দ্র হতে নতুন পদ সৃষ্টির প্রস্তাব/চাহিদা পাওয়া গিয়েছে। এ বিষয়ে পুনরায় তাগিদপত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সকল অনুবিভাগ হতে নতুন পদ সৃষ্টির চাহিদা পাওয়ার পর অনুষদ সভা আহবান করে সভার মতামতের ভিত্তিতে কেন্দ্রের বিদ্যমান বিভিন্ন ক্যাটেগরির পদের সাথে	কেন্দ্রের প্রবিধানমালা এবং অর্গানোগ্রাম অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) যে সকল অনুবিভাগ হতে এখনো নতুন পদ সৃষ্টির প্রস্তাব পাওয়া যায়নি তাদের পুনরায় তাগিদপত্র প্রেরণ করতে হবে। সকল অনুবিভাগ হতে নতুন পদ সৃষ্টির চাহিদা পাওয়ার পর অনুষদ সভা আহবান করতে হবে। সভার মতামতের ভিত্তিতে কেন্দ্রের বিদ্যমান বিভিন্ন ক্যাটেগরির পদের সাথে সমন্বয় করে প্রয়োজনীতার নিরিখে মন্ত্রণালয়ের নির্ধারিত চেকলিষ্ট মোতাবেক নতুন পদ সৃষ্টির প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (সকল) এবং পরিচালক (প্রশাসন)

		সমন্বয় করে প্রয়োজনীতার নিরিখে মন্ত্রণালয়ের নির্ধারিত চেকলিষ্ট মোতাবেক নতুন পদ সৃষ্টির নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের বিষয়ে ঐক্যমত প্রকাশ করা হয়।	
৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	ক) অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ত্রি-পক্ষীয় সভার কর্মপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভার তারিখ পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। সভা আহবানের জন্য ত্রি-পক্ষীয় অডিট কমিটির আহবায়কের সাথে যোগাযোগ রাখার বিষয়ে আলোচনা হয়।	ক) অনিষ্পন্ন ৪০টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য ত্রি-পক্ষীয় অডিট কমিটির আহবায়কের সাথে যোগাযোগ করে সভা আহবান করতে হবে। এ বিষয়ে প্রয়োজনে অনলাইন সভা করা যেতে পারে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (অর্থ/সেবা)
৫	ই-নথিকার্যক্রম	ই-নথি কার্যক্রম অব্যাহত আছে। ই-নথি কার্যক্রম শতভাগ বাস্তবায়ন ও অনিষ্পন্ন সকল ডাক ও নথি নিষ্পন্ন করার জন্য কেন্দ্রের সকল কর্মকর্তা/কর্মচারীকে ই-নথি এডমিন হতে তাগিদ পত্র দেওয়া হয়েছে। অনিষ্পন্ন সকল ডাক/নথি যথারীতি নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।	ই-নথি কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য ই-নথি কার্যক্রম আরো জোরদার করতে হবে। অনিষ্পন্ন ডাক/নথি যথারীতি নিষ্পন্ন করতে হবে। বাস্তবায়নে: সিস্টেম এনালিষ্ট (অ. দা.), সহকারী প্রোগ্রামার-৪ এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারী
৬	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	e-GP বিষয়ে ২০২০-২০২১ অর্থবছরে APA এবং NIS এ নির্ধারণকৃত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত আছে। e-GP-তে নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে আরো তৎপর হওয়ার বিষয়ে আলোচনা হয়।	e-GP বিষয়ে APA এবং NIS নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিশাখা/শাখার কর্মকর্তাদের আরো তৎপর হতে হবে। বাস্তবায়নে: এমডিএস (পিএন্ডএস) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (অর্থ)
৭	ওয়েবসাইট আপডেট/আধুনিকায়	কেন্দ্রের ওয়েবসাইট ডিজাইন/হালনাগাদ করার জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ওয়েবসাইট হালনাগাদ করার জন্য গঠিত কমিটি অন্যান্য কার্যক্রম শুরু করেছে। বিপিএটিসি'র ওয়েবসাইরেট সৌন্দর্য বৃদ্ধি ও আধুনিকায়নের কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।	বিপিএটিসি'র ওয়েবসাইরেট সৌন্দর্য বৃদ্ধি ও আধুনিকায়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি এবং পরিচালক (টিওটি)
৮	Citizen Charter হালনাগাদকরণ	প্রণয়নকৃত Citizen Charter-এর হার্ডকপি এমডিএসদের মতামতের জন্য প্রেরণ করা হয়েছে। এমডিএসদের নিকট হতে মতামত/পরামর্শ নিয়ে দ্রুত Citizen Charter হালনাগাদপূর্বক উইং	কেন্দ্রের Citizen Charter সময়ে সময়ে হালনাগাদ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং GRS কর্মকর্তা

		ভিত্তিক Citizen Charter অফিস প্রধানের দপ্তরে সুবিধামত জায়গায় প্রতিস্থাপনের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, Citizen Charter-মোতাবেক সেবা প্রদানে ব্যত্যয় ঘটলে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়েও আলোচনা হয়।	
৯	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়ন	কেন্দ্রের ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ৩য় প্রান্তিকের প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, ২০২১-২০২২ অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কেন্দ্রের শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত গঠিত কমিটি ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক শীঘ্রই পুরস্কার প্রদান করবে মর্মে সভায় আলোচনা হয়।	কেন্দ্রের ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নপূর্বক ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে ৪র্থ প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুসরণ করে দ্রুততম সময়ের মধ্যে কেন্দ্রের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি, পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (প্রশাসন)
১০	বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন	বিপিএটিসি'র ২০২০-২০২১ অর্থবছরের APA শতভাগ বাস্তবায়ন করতে হবে। ২০২১-২০২২ অর্থ বছরের APA প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়া, NIS, ইনোভেশন, Citizen Charter এবং GRS সংক্রান্ত বিষয়গুলোও ২০২১-২০২২ অর্থ বছরের APAতে অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। মন্ত্রণালয়ে প্রেরিত ২০২১-২০২২ অর্থবছরে APAতে কোন সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন থাকালে তা অন্তর্ভুক্ত করে যাথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	ক) মন্ত্রণালয়ে প্রেরিত ২০২১-২০২২ অর্থবছরে APAতে কোন সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন থাকালে তা অন্তর্ভুক্ত করে যাথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। ২০২১-২০২২ অর্থবছরের APA শতভাগ বাস্তবায়নের জন্য চ্যালেঞ্জসমূহ পূর্ব হতে চিহ্নিত করে কার্যকরি উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং সংশ্লিষ্ট অনুবিভাগ
১১	ইনোভেশন টিম এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা	কেন্দ্রের ইনোভেশন কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। ইতোমধ্যে ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে ওয়ার্কশপ ও প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। কেন্দ্রের ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে ওয়ার্কশপ ও প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি ও প্রশাসন অনুবিভাগ

১২	বিদ্যমান আঞ্চলিক কেন্দ্রসমূহের কার্যক্রম	ক) আরপিএটিসি ঢাকার নতুন ভবনের নকশা দ্রুত প্রণয়নের নিমিত্ত প্রধান স্থপতি এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। খ) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। আরপিএটিসি চট্টগ্রাম এর পিছনের জায়গা অধিগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। গ) খুলনা আঞ্চলিক কেন্দ্রের অভ্যন্তরে খালি জায়গায় নতুন ভবন নির্মাণের জন্য গণপূর্ত বিভাগ হতে চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে। খুলনা আঞ্চলিকে কেন্দ্রের জন্য Semi Master Plan প্রয়োজন। তাছাড়া, খুলনা আরপিএটিসি'র জন্যও জমি অধিগ্রহণ প্রয়োজন মর্মে আলোচনা হয়।	ক) আরপিএটিসি ঢাকার নতুন ভবনের নকশা দ্রুত প্রণয়নের নিমিত্ত প্রধান স্থপতি এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। খ) চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্রের উর্ধ্বমুখি সম্প্রসারণের জন্য দ্রুত চেক প্রদান করতে হবে। আরপিএটিসি চট্টগ্রাম এর পিছনের জায়গা অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। গ) খুলনা আঞ্চলিক কেন্দ্রের অভ্যন্তরে খালি জায়গায় নতুন ভবন নির্মাণের জন্য গণপূর্ত বিভাগ হতে চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে। খুলনা আঞ্চলিকে কেন্দ্রের জন্য Semi Master Plan এবং জমি অধিগ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (টিওটি/প্রশাসন/ এসটিঅ্যান্ডআরসি) এবং উপপরিচালক (আরপিএটিসি/সেবা)
১৩	নতুন আরপিএটিসি স্থাপন	ক) রংপুর আরপিএটিসি'র জন্য ৫ একর ভূমি প্রাপ্তির জন্য ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে মর্মে আলোচনা হয়। খ) সিলেট আরপিএটিসি'র ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করার জন্য জেলা প্রশাসন সিলেট এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। গ) ময়মনসিংহ আরপিএটিসি স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণ কার্যক্রমের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।	ক) রংপুর আরপিএটিসি'র জন্য ৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। খ) সিলেট আরপিএটিসি'র ভূমি অধিগ্রহণ কার্যক্রম সম্পন্ন করার জন্য জেলা প্রশাসন সিলেট এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। গ) ময়মনসিংহ আরপিএটিসি স্থাপনের নিমিত্ত ভূমি অধিগ্রহণ কার্যক্রমের প্রশাসনিক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।